



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১০৯/২০১৮/২৩১১১

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পিরোজপুর ফাজিল মাদ্রাসা, ডাকঘর: পিরোজপুর, উপজেলা: সদর, জেলা: পিরোজপুর-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৭.০৭.২০২৩ খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২২ খ্রি. থেকে ৩০.০৬.২০২৬ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলতে হবে।
৩. লাইব্রেরীর জন্য পৃথক কক্ষ নির্ধারণ করে মানসম্পন্ন আসবাবপত্র, রেফারেন্স বই, জার্নাল ও আরো যুগোপযোগী বই ক্রয় করে গ্রন্থাগার আরো সমৃদ্ধ করতে হবে এবং নিয়মিত শিক্ষার্থীদের ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে।
৪. হিসাব সহকারীর মাধ্যমে মাদ্রাসার সকল আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে লিপিবদ্ধ করে, নিয়মিত হালনাগাত করতে হবে এবং গর্ভনিং বডিতে প্রতিমাসে উপস্থাপন করতে হবে।
৫. শিক্ষার গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকদের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
৬. “হৃদয়ে বঙ্গবন্ধু” কে আরো সমৃদ্ধ করতে হবে এবং বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সংগ্রাম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা করতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(Dum) 15.10.23

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

পিরোজপুর ফাজিল মাদ্রাসা

ডাকঘর: পিরোজপুর, উপজেলা: সদর, জেলা: পিরোজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১০৯/২০১৮/২৩১১১ (৫)

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, পিরোজপুর ফাজিল মাদ্রাসা, ডাকঘর: পিরোজপুর, উপজেলা: সদর, জেলা: পিরোজপুর।
- ৮। অফিস নথি।

(Signature)
১৫.১০.২৩

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪